বিশ্বমানের জাতীয় পরিসংখ্যান
ব্যবস্থা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
উন্নয়ন-৩ অধিশাখা

...

| | |
|---|---|
| সভাপতি | ড. শাহনাজ আরেফিন, এনডিসি<br>সচিব |
| সভার তারিখ | ২৬ ডিসেম্বর ২০২১ খ্রি (রবিবার) |
| সভার সময় | সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলনকক্ষ, ব্লক-২, লেবেল-১০ |
| উপস্থিতি | সংযোজনী-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (উন্নয়ন) জনাব রেজাউল আযম ফারুকী বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং সদস্যগণের কোনো প্রকার পরিবর্তন/পরিবর্ধন/সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ (Confirmed) হয়। অতঃপর তিনি সভায় জানান, ২০২১-২০২২ অর্থবছরে এডিপিভুক্ত ১২টি প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ২৮৯২৮৬.৫৯ (দুই হাজার আটশত বিরানব্বই কোটি ছিয়াশি লক্ষ উনষাট হাজার) লক্ষ টাকা, এডিপিতে বরাদ্দ ১৪২১২৩.০০ (এক হাজার চারশত একুশ কোটি তেইশ লক্ষ) লক্ষ টাকা এবং এ অর্থবছরের নভেম্বর পর্যন্ত ব্যয় ১২ কোটি ৬৩ লক্ষ ৬৪ হাজার টাকা। এডিপি বরাদ্দের বিপরীতে নভেম্বর ২০২১ পর্যন্ত আর্থিক অগ্রগতি ০.৮৯%। অন্যদিকে এডিপি বরাদ্দের বিপরীতে জাতীয় অগ্রগতি (অক্টোবর পর্যন্ত) ১৩.০৬%।

২। এ পর্যায়ে উপসচিব, উন্নয়ন-৩ অধিশাখা প্রকল্প ভিত্তিক আর্থিক অগ্রগতি তুলে ধরেন। ২০২১-২০২২ অর্থবছরের ৫ মাস অতিবাহিত হলেও আর্থিক অগ্রগতি ১% এর কম হওয়ায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন এবং চলমান প্রকল্পসমূহের কাজের মান বাস্তব অগ্রগতি, কাজের দ্বৈততা, পরামর্শক নিয়োগসহ সার্বিক বিষয়ে আলোকপাতপূর্বক নিম্নরূপ নির্দেশনা প্রদান করেন:

| ক্রঃনঃ | বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১. | **প্রকল্পে নিয়োগকৃত পরামর্শক/পরামর্শক প্রতিষ্ঠানের নিকট থেকে চুক্তি অনুযায়ী Deliverable গ্রহণ সংক্রান্ত।** | বিভিন্ন প্রকল্পের আওতায় পরামর্শক/পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ করা হচ্ছে। নিয়োজিত পরামর্শক/পরামর্শক প্রতিষ্ঠান থেকে চুক্তি অনুযায়ী Deliverable যথাযথভাবে বুঝে না নিয়ে তাদের বিল পরিশোধ করা হচ্ছে, ফলে পরবর্তীতে নানা অসঙ্গতি পরিলক্ষিত হয়, যা প্রকল্পের মূল উদ্দেশ্যকে ব্যাহত করে। অনেক সময় প্রকল্পের মাধ্যমে প্রস্তুতকৃত ডেটাবেইজে বিবিএস তথা সরকারের স্বত্ব প্রতিষ্ঠিত হয় না। উপরন্তু প্রকল্প সমাপ্তির পর ঐ প্রতিষ্ঠানের উপর নির্ভরশীলতা থেকে যায় এবং বছর বছর অর্থ ব্যয় করতে হয়। | প্রকল্পের আওতায় নিয়োজিত পরামর্শক/পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহকৃত সকল কাজ (Deliverable) চুক্তি অনুযায়ী প্রকল্প পরিচালক কর্তৃক যথাযথভাবে বুঝে নিয়ে বিল পরিশোধ করতে হবে। পরবর্তীতে সংশ্লিষ্ট কাজে কোনো অসংগতি থাকলে প্রকল্প পরিচালক/প্রকল্প টিম দায়-দায়িত্ব বহন করবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক, বিবিএস এবং উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা), SID এবং সকল প্রকল্প পরিচালক |
| ২. | **বিবিএস এর অভ্যন্তরীণ সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সাথে আলোচনার ভিত্তিতে প্রকল্প ডিজাইন ও প্রশ্নপত্র প্রণয়ন সংক্রান্ত।** | বাস্তবায়নাধীন বিভিন্ন শুমারি ও জরিপ প্রকল্প পর্যালোচনায় দেখা যায়, একই বিষয়ে একাধিক প্রকল্পে কাজ করা হচ্ছে, এতে সময়, শ্রম ও অর্থ ব্যয় বৃদ্ধিসহ প্রস্তুতকৃত তথ্য-উপাত্তে ভিন্নতা দেখা দিতে পারে, যার জন্য অংশীজন/তথ্য-উপাত্ত ব্যবহারকারীদের কাছে প্রশ্নের সম্মুখীন হতে হবে। | ভবিষ্যতে প্রকল্প প্রণয়ন/গ্রহণকালে বিবিএস এর সংশ্লিষ্ট সকল উইং এবং চলমান প্রকল্পের সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকদের সাথে আলোচনার ভিত্তিতে এমনভাবে প্রকল্প ডিজাইন ও প্রশ্নপত্র প্রণয়ন করবে যাতে একই বিষয়/খাতের প্রয়োজনীয় সকল তথ্য একটি শুমারি/জরিপ থেকে পাওয়া যায়। এক্ষেত্রে সব ধরণের দ্বৈততা পরিহার করতে হবে, প্রয়োজনে একটি শুমারি/জরিপ অন্য শুমারি/জরিপের পরিপূরক হবে। এই লক্ষ্যে ভবিষ্যতে যেকোনো শুমারি/জরিপের জন্য প্রকল্প প্রস্তাব প্রেরণের সময় প্রস্তাবিত শুমারি/জরিপের সাথে অন্য কোনো শুমারি/জরিপ প্রকল্পের দ্বৈততা নেই মর্মে প্রত্যয়নপত্র প্রদান করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক, বিবিএস এবং উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা), SID এবং সকল প্রকল্প পরিচালক |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩. | **টেকনিক্যাল/আইটি/সফট্ওয়্যার ইত্যাদি সাপোর্ট সংক্রান্ত।** | বিবিএস কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ পর্যালোচনায় প্রতীয়মান হচ্ছে শুমারি/জরিপের মাধ্যমে সংগৃহীত তথ্য-উপাত্ত প্রক্রিয়াকরণের জন্য প্রয়োজনীয় টেকনিক্যাল/আইটি/সফট্ওয়্যার ইত্যাদি সাপোর্ট বিবিএস এর পর্যাপ্ত নেই, ফলে বিভিন্ন দেশি বিদেশী সংস্থাকে এসব কাজে নিয়োজিত করতে হচ্ছে, এতে অর্থ ব্যয়ের পাশাপাশি ডাটার নিরাপত্তা বিঘ্নিত হচ্ছে। | বিবিএস এর আওতায় বাস্তবায়নাধীন শুমারি/জরিপের তথ্য-উপাত্ত প্রক্রিয়াকরণের জন্য বিদ্যমান ব্যবস্থা পর্যালোচনাপূর্বক একটি Well Equiped Expert Pool তৈরির বিষয়ে অতিরিক্ত সচিব (উন্নয়ন)-কে সভাপতি এবং প্রকল্প পরিচালক, **জনশুমারি ও গৃহগণনা-২০২১ প্রকল্প,** প্রকল্প পরিচালক, হাউজহোল্ড ইনকাম অ্যান্ড এক্সপেন্ডিচার সার্ভে প্রকল্প, প্রকল্প পরিচালক, কৃষি (শস্য, মৎস্য ও প্রাণি সম্পদ) শুমারি-২০১৮ প্রকল্প এবং প্রকল্প পরিচালক, স্ট্রেনদেনিং স্ট্যাটিসটিক্যাল ক্যাপাসিটি অব বিবিএস ফর কালেকটিং ডাটা অন পপুলেশন অ্যান্ড ডেভলপমেন্ট (Stat4Dev) প্রকল্প এবং আইসিটি সংশ্লিষ্ট কর্মকর্তাদের সমন্বয়ে একটি কমিটি গঠন করতে হবে। ToRসহ কমিটি গঠনের প্রস্তাবসহ নথি দ্রুত উপস্থাপন করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক, বিবিএস এবং উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা), SID এবং সকল প্রকল্প পরিচালক |

৩। অতঃপর সভায় প্রকল্পভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রঃনং | প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | **জনশুমারি ও গৃহগণনা-২০২১ প্রকল্প**<br>মেয়াদ: জুলাই ২০১৯- জুন ২০২৪ পর্যন্ত।<br>প্রাক্কলিত ব্যয়: ১৫৭৫ কোটি ৬৮ লক্ষ ২ হাজার টাকা (জিওবি)।<br>প্রকল্প পরিচালক: জনাব কবির উদ্দিন আহাম্মদ, পরিচালক, বিবিএস। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ১২৯৯ কোটি ২১ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ৩২৪ কোটি ৮০ লক্ষ ২৫ হাজার টাকা। নভেম্বর ২০২১ পর্যন্ত ব্যয় ৫ কোটি ৯৭ লক্ষ ৫১ হাজার টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ০.৪৬%।<br>উপসচিব, উন্নয়ন-১ অধিশাখা সভায় জানান, ২০২১-২০২২ অর্থবছরে চলমান প্রকল্পসমূহের অনুকূলে এডিপিতে ১৪২১২৩.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে, তন্মধ্যে জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পেই ১২৯৯২১.০০ লক্ষ টাকা। জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পের আর্থিক অগ্রগতি বৃদ্ধি না পেলে প্রকল্পসমূহের সার্বিক অগ্রগতি আশানুরূপ অর্জন করা সম্ভব হবে না। | যথাযথ আর্থিক বিধিবিধান অনুসরণপূর্বক অনুমোদিত কর্মপরিকল্পনা ও ব্যয় পরিকল্পনা বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) এবং প্রকল্প পরিচালক |
| ২ | **স্ট্রেনদেনিং স্ট্যাটিসটিক্যাল ক্যাপাসিটি অব বিবিএস ফর কালেকটিং ডাটা অন পপুলেশন অ্যান্ড ডেভলপমেন্ট (Stat4Dev) প্রকল্প**<br>মেয়াদ: জানুয়ারি ২০১৭- ডিসেম্বর ২০২১ পর্যন্ত।<br>প্রাক্কলিত ব্যয়: ৭ কোটি ৩২ লক্ষ ৬৬ হাজার টাকা (জিওবি: ২ কোটি ৩৩ লক্ষ ১ হাজার টাকা, প্রকল্প সাহায্য: ৪ কোটি ৯৯ লক্ষ ৬৫ হাজার টাকা)।<br>প্রকল্প পরিচালক: জনাব মোঃ আক্তার হোসেন, যুগ্মপরিচালক, বিবিএস। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ৬১ লক্ষ (জিওবি: ১৮ লক্ষ টাকা, প্র.সা. ৪৩ লক্ষ টাকা) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ১৮ লক্ষ টাকা (জিওবি)। নভেম্বর ২০২১ পর্যন্ত ব্যয় ৪২ লক্ষ ৩৬ হাজার টাকা (জিওবি: ৯ লক্ষ ৫৪ হাজার টাকা, প্রকল্প সাহায্য: ৩২ লক্ষ ৮২ হাজার টাকা)। প্রকল্পের আর্থিক অগ্রগতি ৬৯.৪৪%।<br>প্রকল্প পরিচালক সভায় জানান, ৩১ ডিসেম্বর ২০২১ এ প্রকল্পের মেয়াদ শেষ হবে। প্রকল্পের সকল কম্পোন্যান্ট এর কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে, মেয়াদান্তে প্রকল্পের আর্থিক অগ্রগতি ৯৫% হবে আশা করা যায়। ১ (এক) মাসের মধ্যে PCR দাখিল করা হবে। | প্রকল্পের মাধ্যমে সম্পাদিত কাজ উপযুক্ত কর্তৃপক্ষকে বুঝিয়ে দিতে হবে। নির্ধারিত সময়ে PCR দাখিলসহ নীরিক্ষা কার্যক্রম ও প্রকল্পের মাধ্যমে ক্রয়কৃত হস্তান্তরযোগ্য মালামাল যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে উপযুক্ত কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-২), SID ও প্রকল্প পরিচালক |
| ৩ | **National Strategy for Development of Statistics (NSDS) Implementation Support প্রকল্প।**<br>প্রকল্প মেয়াদ: মার্চ ২০১৮ হতে ফেব্রুয়ারি ২০২২ পর্যন্ত।<br>প্রাক্কলিত ব্যয়: ১৩৪ কোটি ২ লক্ষ টাকা (জিওবি : ১৪ কোটি ২ লক্ষ টাকা, প্রকল্প সাহায্য: ১২০ কোটি টাকা)।<br>প্রকল্প পরিচালক: জনাব মো. দিলদার হোসেন, উপসচিব, SID। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ৩৪ কোটি ৭০ লক্ষ টাকা (জিওবি ৪ কোটি ৫০ লক্ষ টাকা, প্রকল্প সাহায্য ৩০ কোটি ২০ লক্ষ টাকা) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ২ কোটি ২৫ লক্ষ টাকা (জিওবি)। নভেম্বর ২০২১ পর্যন্ত ব্যয় ১ কোটি ৭৫ লক্ষ ২৩ হাজার টাকা (জিওবি: ৬৭ লক্ষ ১২ হাজার টাকা, প্রকল্প সাহায্য: ১ কোটি ৮ লক্ষ ১১ হাজার টাকা)। প্রকল্পের আর্থিক অগ্রগতি ৫.০৫%।<br>সভাপতি অর্থবছরের ৫ মাস অতিক্রান্ত হলেও প্রকল্পের আর্থিক অগ্রগতি ৫.০৫% কেন জানতে চাইলে প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের কার্যক্রম পরিকল্পনা অনুযায়ী চলমান, নিযুক্ত পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক Deliverable গুলো সরবরাহ করা হলে তা বুঝে নিয়ে বিল পরিশোধ করা হচ্ছে, জুন ২০২২ এর মধ্যে আর্থিক অগ্রগতি প্রায় ১০০% হবে। | প্রকল্পের আওতায় নিয়োজিত পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহকৃত Deliverable গুলো MoU অনুসরণপূর্বক যথাযথভাবে বুঝে নিতে হবে। প্রতিশ্রুতি অনুযায়ী জুন ২০২২ এ আর্থিক অগ্রগতি ১০০% নিশ্চিত করার লক্ষ্যে কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন), SID, মহাপরিচালক, বিবিএস, উপসচিব (উন্নয়ন-২ অধিশাখা) SID এবং প্রকল্প পরিচালক |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | **ন্যাশনাল হাউজহোল্ড ডাটাবেইজ প্রকল্প।**<br>প্রকল্পের মেয়াদ: জুলাই ২০১৩ - ডিসেম্বর ২০২২ পর্যন্ত।<br>প্রাক্কলিত ব্যয়: ৭২৭ কোটি ৩৫ লক্ষ টাকা (জিওবি: ৪০ কোটি ৫৪ লক্ষ ৫২ হাজার টাকা, প্রকল্প সাহায্য: ৬৮৬ কোটি ৮০ লক্ষ ৪৮ হাজার টাকা)।<br>প্রকল্প পরিচালক : জনাব কাজী তোফায়েল হোসেন (উপসচিব)। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ১৯ কোটি ৫৫ লক্ষ (জিওবি: ১ কোটি ৯৭ লক্ষ টাকা, প্র.সা. ১৭ কোটি ৫৮ লক্ষ টাকা) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ৯৮ লক্ষ ৫০ হাজার টাকা (জিওবি)। নভেম্বর ২০২১ পর্যন্ত ব্যয় ২ কোটি ৬৭ লক্ষ ৫৭ হাজার টাকা (জিওবি: ৯ লক্ষ ৮৩ হাজার টাকা, প্রকল্প সাহায্য: ২ কোটি ৫৭ লক্ষ ৭৪ হাজার টাকা)। প্রকল্পের আর্থিক অগ্রগতি ১৩.৬৯%।<br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br>ক) NHD-MIS Development সংক্রান্ত সমস্যা সমাধানের বিষয়ে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের সাথে যোগাযোগ অব্যাহত আছে। ডিসেম্বর ২০২১ সময়ের মধ্যে নিযুক্ত প্রতিষ্ঠান NHD-MIS Development সংক্রান্ত প্রয়োজনীয় কাজ সমাপ্ত করবে বলে জানিয়েছে। অবশিষ্ট কাজ ওয়ারেন্টি পিরিয়ডে করবে মর্মে জানিয়েছে।<br>খ) সামাজিক নিরাপত্তা কর্মসূচী বাস্তবায়নের সঙ্গে সংশ্লিষ্ট দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, সমাজসেবা অধিদপ্তর এবং খাদ্য মন্ত্রণালয়ের সঙ্গে এনএইচডি ডাটাবেইজ ব্যবহারের বিষয়ে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়েছে। সামাজিক নিরাপত্তা কর্মসূচী বাস্তবায়নকারী অন্যান্য মন্ত্রণালয়ের সঙ্গেও সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরের জন্য যোগাযোগ অব্যাহত আছে।<br>গ) Xerox India Ltd. এর Variation সংক্রান্ত কাজের বিল পরিশোধ ও Data Quality Enhancement এর জন্য খসড়া সংশোধিত চুক্তিপত্র এবং Deed of Settlement অনুমোদনের নিমিত্ত মাননীয় পরিকল্পনা মন্ত্রী বরাবর ২২/১২/২০২১ তারিখে উপস্থাপন করা হয়েছে। | ক) NHD-MIS Development সংক্রান্ত সমস্যা সমাধানের বিষয়ে সংশ্লিষ্ট সকল পর্যায়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>খ) প্রকল্পের মাধ্যমে প্রস্তুতকৃত ডাটাবেইজ দ্রুত ব্যবহার উপযোগী করত MoU স্বাক্ষর কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>গ) সংশোধিত চুক্তি ও Deed of Settlement অনুমোদনের পর Data Quality Enhancement এর কাজ দ্রুত সম্পন্ন করতে হবে এবং কাজের অগ্রগতি এ বিভাগকে অবহিত করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-২ অধিশাখা), SID ও প্রকল্প পরিচালক |
| ৫ | **হাউজহোল্ড ইনকাম অ্যান্ড এক্সপেন্ডিচার সার্ভে (HIES ২০২০-২১)প্রকল্প**<br>প্রকল্প মেয়াদ: জানুয়ারি ২০২০ হতে ডিসেম্বর ২০২২ পর্যন্ত।<br>প্রাক্কলিত ব্যয়: ১২ কোটি ৩২ লক্ষ ৭ হাজার টাকা (জিওবি)।<br>প্রকল্প পরিচালক: ড. দিপংকর রায়, উপসচিব, SID। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ৭ কোটি ৮২ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ১ কোটি ৯৫ লক্ষ ৫০ হাজার টাকা (জিওবি)। নভেম্বর ২০২১ পর্যন্ত ব্যয় ১৫ লক্ষ ৬০ হাজার টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ১.৯৯%।<br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br>কর্মপরিকল্পনা অনুযায়ী মূল জরিপের কাজ ০১/০১/২০২২ তারিখ থেকে শুরু করতে হবে। | মূল জরিপের মাঠ পর্যায়ের কার্যক্রম তদারকি করতে হবে যাতে সকল তথ্য যথাযথভাবে সংগ্রহপূর্বক নির্ধারিত সময়ে তথ্য সংগ্রহের কাজ করা যায়। একই সাথে নির্ধারিত সময়ে চূড়ান্ত প্রতিবেদন প্রকাশের ব্যবস্থা নিতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) SID ও প্রকল্প পরিচালক |
| ৬ | **কৃষি (শস্য, মৎস্য ও প্রাণি সম্পদ) শুমারি-২০১৮ প্রকল্প।**<br>প্রকল্পের মেয়াদ:<br>মে ২০১৭ হতে ডিসেম্বর ২০২২ পর্যন্ত।<br>প্রাক্কলিত ব্যয়: ৩৬১ কোটি ৬৯ লক্ষ ৬ হাজার টাকা (জিওবি)।<br>প্রকল্প পরিচালক: জনাব আলাউদ্দিন আল আজাদ, পরিচালক, বিবিএস। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ৪৪ কোটি ৫২ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ২১ কোটি ৪ লক্ষ টাকা। নভেম্বর ২০২১ পর্যন্ত ব্যয় ৬৫ লক্ষ ৮৪ হাজার টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ১.৪৮%।<br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br>প্রকল্পের আওতায় নিয়োজিত ফার্ম কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে কী পরিমাণ কাজ করার কথা ছিল এবং কী পরিমাণ কাজ সম্পন্ন হয়েছে তার হিসাব তৈরি করা হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে ফার্ম কর্তৃক কাজ সম্পন্ন না হলে অতিরিক্ত সময়ের প্রয়োজন হলে এক্ষেত্রে ক্ষতিপূরণের কোন clause চুক্তিতে নেই। উপরোক্ত বিষয়গুলো সভাপতি মহোদয়ের সাথে প্রকল্পের নির্ধারিত স্টিয়ারিং কমিটির সভায় উপস্থাপন করা হবে। | চুক্তি অনুযায়ী কাজ/Deliverable বুঝে নেয়ার ব্যবস্থা নিশ্চিত করতে হবে। একই সাথে অন্যান্য কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) SID এবং প্রকল্প পরিচালক |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭ | **Improvement of GDP Compilation and Rebasing of Indices Project।**<br>প্রকল্পের মেয়াদ: মার্চ ২০১৮ হতে জুন ২০২২ পর্যন্ত।<br>প্রাক্কলিত ব্যয়: ৯ কোটি ৮৬ লক্ষ ৪৮ হাজার টাকা (জিওবি)।<br>প্রকল্প পরিচালক :<br>জনাব মোহাম্মদ আবদুল কাদির মিয়া, পরিচালক, বিবিএস। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ৩ কোটি ১৫ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ১ কোটি ২৬ লক্ষ ৯৯ হাজার টাকা। নভেম্বর ২০২১ পর্যন্ত ব্যয় ৬ লক্ষ ৫৭ হাজার টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ২.০৯%।<br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br>প্রকল্পের অনুকূলে ২০২১-২২ অর্থবছরে বরাদ্দকৃত অর্থ থেকে ৫০% অন্য প্রকল্পের অনুকূলে উপযোজন করার প্রস্তাব করা হয়েছে। অবশিষ্ট অর্থ ব্যয় ও কার্যক্রম বাস্তবায়নের জন্য ব্যয়পরিকল্পনা ও কর্ম পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। অর্থ বছর শেষে আর্থিক অগ্রগতি ৮০% হবে আশা করা যায়। | অনুমোদিত কর্মপরিকল্পনা ও ব্যয় পরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমে প্রতিশ্রুত আর্থিক অগ্রগতি নিশ্চিত করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID,<br>মহাপরিচালক বিবিএস,<br>উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) SID ও<br>প্রকল্প পরিচালক |
| ৮ | **পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ পরিসংখ্যান শক্তিশালীকরণ (ইসিডিএস) প্রকল্প**<br>মেয়াদ: জুলাই ২০১৯ – জুন ২০২৩ পর্যন্ত।<br>প্রাক্কলিত ব্যয়: ৩৬ কোটি ৬ লক্ষ ৭৪ হাজার টাকা (জিওবি)।<br>প্রকল্প পরিচালক:<br>জনাব মোঃ রফিকুল ইসলাম, যুগ্মপরিচালক, বিবিএস। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ৬ কোটি ৪৫ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ৩ কোটি ২২ লক্ষ ৫০ হাজার টাকা। নভেম্বর ২০২১ পর্যন্ত ব্যয় ৫২ লক্ষ ৬৩ হাজার টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ৮.১৬%।<br>সভাপতি অর্থবছরের ৫ মাস অতিক্রান্ত হলেও প্রকল্পের আর্থিক অগ্রগতি মাত্র ৮.১৬% হওয়ার কারণ জানতে চাইলে প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের কার্যক্রম পরিকল্পনা অনুযায়ী চলমান, ২৮-৩০ নভেম্বর ২০২১ খ্রি. পর্যন্ত ০৩ (তিন) দিনব্যাপী এনভায়নমেন্টাল প্রটেকশন এক্সপেন্ডিচার রিসোর্স এন্ড ওয়াষ্ট ম্যানেজমেন্ট সার্ভে ২০২১ এর পাইলট (প্রি-টেস্টিং) জরিপের প্রশিক্ষণ এবং ০২/১২/২০২১ তারিখ হতে ১৫/১২/২০২১ তারিখ পর্যন্ত পাইলট জরিপ সম্পন্ন হয়েছে। জুন ২০২২ এর মধ্যে আর্থিক অগ্রগতি ৮০% হবে আশা করা যায়। | অনুমোদিত কর্মপরিকল্পনা ও ব্যয় পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে প্রতিশ্রুত আর্থিক অগ্রগতি ৮০% নিশ্চিত করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন), SID,<br>মহাপরিচালক বিবিএস,<br>উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) SID এবং<br>প্রকল্প পরিচালক |
| ৯ | **জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ ২০১৯ প্রকল্প।**<br>মেয়াদ: জুলাই ২০১৯ হতে ডিসেম্বর ২০২১ পর্যন্ত।<br>প্রাক্কলিত ব্যয়: ৪ কোটি ৯৫ লক্ষ টাকা (জিওবি)।<br>প্রকল্প পরিচালক:<br>জনাব ইফতেখাইরুল করিম, উপপরিচালক, বিবিএস। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ১ কোটি ৩ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ৫১ লক্ষ ৪৮ হাজার টাকা। নভেম্বর ২০২১ পর্যন্ত ব্যয় ১৩ লক্ষ ৬০ হাজার টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ১৩.২০%।<br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br>প্রকল্পের সংশোধিত DPP মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ২২/১২/২০২১ তারিখে অনুমোদন করা হয়েছে। প্রকল্পের মেয়াদ ডিসেম্বর ২০২২ পর্যন্ত ১ (এক) বছর বৃদ্ধি পাবে। | সংশোধিত ডিপিপি অনুযায়ী কর্মপরিকল্পনা ও ব্যয় পরিকল্পনা প্রণয়ন ও তা বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID,<br>মহাপরিচালক বিবিএস,<br>উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা), SID এবং<br>প্রকল্প পরিচালক |
| ১০ | **শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রমবাজার তথ্যের উন্নয়ন প্রকল্প**<br>প্রকল্প মেয়াদ: জুলাই ২০২০ হতে জুন ২০২৪ পর্যন্ত<br>প্রাক্কলিত ব্যয়: ১৪ কোটি ৩৬ হাজার টাকা (জিওবি)।<br>প্রকল্প পরিচালক:<br>বেগম আজিজা রহমান, উপপরিচালক, বিবিএস। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ৪ কোটি ১৯ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ১ কোটি ৪ লক্ষ ৭৫ হাজার টাকা। নভেম্বর ২০২১ পর্যন্ত ব্যয় ২৬ লক্ষ ৭৩ হাজার টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ৬.৩৮%।<br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br>কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্পের আর্থিক ও বাস্তব কার্যক্রম চলমান। | কর্মপরিকল্পনা ও ব্যয় পরিকল্পনা বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID,<br>মহাপরিচালক বিবিএস,<br>উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) SID এবং<br>প্রকল্প পরিচালক |
| ১১ | **টেকসই উন্নয়ন অভীষ্ট পরিবীক্ষণে প্রায়োগিক স্বাক্ষরতা নিরূপণ জরিপ প্রকল্প**<br>প্রকল্প মেয়াদ: জানুয়ারি ২০২১ হতে জুন ২০২২ পর্যন্ত<br>প্রাক্কলিত ব্যয়: ৪ কোটি ৬০ লক্ষ টাকা (জিওবি)।<br>প্রকল্প পরিচালক:<br>বেগম রেশমা জেসমিন, উপপরিচালক, বিবিএস। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে এডিপিতে কোন বরাদ্দ নেই।<br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br>বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন Improvement of GDP Compilation and Rebasing of Indices Project এবং কৃষি (শস্য, মৎস্য ও প্রাণি সম্পদ) শুমারি-২০১৮ প্রকল্প হতে উপযোজনের মাধ্যমে প্রয়োজনীয় অর্থের বরাদ্দপ্রাপ্তির প্রস্তাব ০৯/১২/২০২১ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। যোগাযোগ অব্যাহত আছে, এক সপ্তাহের মধ্যে অনুমোদন পাওয়া যাবে বলে আশা করা যায়। | প্রকল্পের অনুকূলে অর্থ বরাদ্দের জন্য প্রকল্প পরিচালক পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রাখবেন। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID,<br>মহাপরিচালক বিবিএস,<br>উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) SID এবং<br>প্রকল্প পরিচালক |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | **Measuring ICT Access and Use by Households and Individuals প্রকল্প**<br>প্রকল্প মেয়াদ: জুলাই ২০২১ থেকে জুন ২০২৩ পর্যন্ত<br>প্রাক্কলিত ব্যয়: ৪ কোটি ৯৯ লক্ষ ২০ হাজার টাকা (জিওবি) | পরিচালক, ইন্ডাস্ট্রি অ্যান্ড লেবার উইং সভায় জানান<br>২৩/১২/২০২১ তারিখে বিবিএস হতে প্রকল্প পরিচালক নিয়োগের প্রস্তাব পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করা হয়েছে। | বিদ্যমান বিধি-বিধান অনুসরণপূর্বক প্রকল্প পরিচালক নিয়োগের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন) SID, উপসচিব (প্রশাসন-১ অধিশাখা), SID |

**৪। ২০২১-২০২২ অর্থ বছরে এডিপি-তে অন্তর্ভুক্ত ও এডিপি বহির্ভূত বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্পসমূহঃ**

| ক্রঃনং | প্রকল্পের নাম | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | **খাদ্য নিরাপত্তা পরিসংখ্যান প্রকল্প-২০২২**<br>প্রকল্প মেয়াদ: জানুয়ারি ২২-ডিসেম্বর ২০২৩<br>প্রস্তাবিত ব্যয়: ৫ কোটি ১০ লক্ষ টাকা।<br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা: জনাব আব্দুল হালিম, যুগ্মপরিচালক, বিবিএস। | পরিকল্পনা কমিশনের ০৫/১০/২০২১ খ্রি: তারিখের পত্র অনুযায়ী এবং সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ মহোদয়ের নির্দেশে "খাদ্য নিরাপত্তা পরিসংখ্যান প্রকল্প-২২" শীর্ষক প্রকল্পের আওতায় ডিজিটাল সিস্টেমে CAPI পদ্ধতিতে জরিপ পরিচালনার বিষয়টি অন্তর্ভুক্ত করে সে অনুযায়ী প্রকল্পের ব্যয়খাতসমূহ পুন:পর্যালোচনা করে প্রেরিত পুনর্গঠিত ডিপিপি ২৯/১১/২০২১ তারিখে পরিকল্পনা শাখায় পাওয়া গেছে। প্রাপ্ত পুনর্গঠিত ডিপিপিতে গুরুত্বপূর্ণ কিছু তথ্যাদি পরিবর্তন/সংযোজন আবশ্যক বিধায় প্রকল্পের ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে মৌখিকভাবে অবহিত করে সংশোধিত ডিপিপি প্রেরণের জন্য পরামর্শ দেয়া হয়েছে। সংশোধিত/পুনর্গঠিত ডিপিপি পাওয়া গেলে পরিকল্পনা কমিশনে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | পরিকল্পনা কমিশনের ০৫/১০/২০২১ তারিখের পত্র অনুযায়ী প্রকল্পের পুনর্গঠিত ডিপিপি দ্রুত পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে। | মহাপরিচালক বিবিএস, উপসচিব (পরিকল্পনা অধিশাখা), SID এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিবিএস। |
| ২ | **স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম ইন ডিজিটাল প্লাটফর্ম প্রকল্প**<br>প্রস্তাবিত মেয়াদ: জুলাই ২০২১-জুন ২০২৩ পর্যন্ত<br>প্রস্তাবিত ব্যয়: ৪১ কোটি ৯৭ লক্ষ ৩৬ হাজার টাকা<br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা: জনাব মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বিবিএস | প্রস্তাবিত প্রকল্প বিষয়ে নীতিগত অনুমোদনের জন্য সার-সংক্ষেপ মাননীয় পরিকল্পনা মন্ত্রী বরাবর ১২/১০/২০২১ তারিখে উপস্থাপন করা হয়। মাননীয় পরিকল্পনা মন্ত্রী প্রস্তাবিত প্রকল্প বিষয়ে একটি উপস্থাপনা প্রদান করার জন্য ২৪/১০/২০২১ তারিখে নির্দেশনা প্রদান করেছেন। | মাননীয় পরিকল্পনামন্ত্রীর নির্দেশনা অনুযায়ী প্রকল্প বিষয়ে উপস্থাপনা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা দ্রুত গ্রহণ করতে হবে। | মহাপরিচালক, বিবিএস, উপসচিব (পরিকল্পনা অধিশাখা) SID, ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিবিএস |
| ৩ | **অর্থনৈতিক শুমারি ২০২৩**<br>প্রস্তাবিত মেয়াদ: জুলাই ২০২২-জুন ২০২৭ পর্যন্ত<br>প্রস্তাবিত ব্যয়: ৬৬২ কোটি ৭১ লক্ষ ৮৬ হাজার টাকা<br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা: জনাব আমজাদ হোসেন, যুগ্মপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো। | "অর্থনৈতিক শুমারি-২০২৩" শীর্ষক প্রকল্পের যাচাই-বাছাই কমিটির সভার সিদ্ধান্তের আলোকে এবং ডিপিপি পর্যবেক্ষণের পরিপ্রেক্ষিতে ডিপিপি সংশোধন/সংযোজন করে পুনরায় প্রেরণের জন্য ১৬/১১/২০২১ তারিখে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোতে পত্র প্রেরণ করা হয় সেপ্রেক্ষিতে পুনর্গঠিত ডিপিপি ২৩/১১/২০২১ তারিখে পাওয়া গেছে। প্রাপ্ত ডিপিপি পর্যালোচনায় দেখা যায় গুরুত্বপূর্ণ কিছু তথ্যাদি পরিবর্তন/সংযোজন আবশ্যক বিধায় প্রকল্পের ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে বিষয়গুলি সংশোধন/সংযোজন করার জন্য মৌখিকভাবে পরামর্শ দেয়া হয়েছে। এ ছাড়াও আলোচ্য প্রকল্প বিষয়ে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে একটি উপস্থাপনা আয়োজনের নির্দেশনা রয়েছে, সে আলোকে প্রস্তুতি চলছে। | যাচাই বাছাই কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি দ্রুত পুনর্গঠন এবং উপস্থাপন করতে হবে। | মহাপরিচালক, বিবিএস উপসচিব (পরিকল্পনা অধিশাখা), SID ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিবিএস। |
| ৪ | **National Population Register (NPR) Bangladesh Project**<br>প্রস্তাবিত মেয়াদ: ০১ জানুয়ারি, ২০২২ থেকে ৩১ ডিসেম্বর, ২০২৬ পর্যন্ত।<br>প্রস্তাবিত ব্যয়: ২০৬১ কোটি ২৮ লক্ষ টাকা (জিওবি : ১৭৩২ কোটি ২৮ লক্ষ টাকা, প্রকল্প সাহায্য : ৩২৯ কোটি টাকা)। | NPR প্রণয়ন বিষয়ে নীতিগত অনুমোদনের জন্য সার-সংক্ষেপ মাননীয় পরিকল্পনা মন্ত্রী বরাবর ০৯/১১/২০২১ তারিখে উপস্থাপন করা হয়, মাননীয় প্রতিমন্ত্রী কর্তৃক কতিপয় বিষয়ে জানতে চাওয়া হয়েছে। উক্ত জিজ্ঞাসার আলোকে ২১/১২/২০২১ তারিখে মাননীয় মন্ত্রী বরাবর পুনরায় সার-সংক্ষেপ উপস্থাপন করা হয়েছে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা মাননীয় মন্ত্রীর দপ্তরে যোগাযোগ অব্যাহত রাখবেন। | মহাপরিচালক, বিবিএস উপসচিব (পরিকল্পনা অধিশাখা), SID ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিবিএস। |

**৫.০। বিবিধ:**

| ক্রঃনং | বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|

| | | | | |
|---|---|---|---|---|
| ১. | **পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহের অগ্রগতি পর্যালোচনা সভা আয়োজন সংক্রান্ত।** | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহের আর্থিক অগ্রগতি পর্যালোচনা সভার জন্য প্রতি মাসের একটি নির্ধারিত দিন ঠিক করা প্রয়োজন। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহের অগ্রগতি পর্যালোচনা সভার জন্য প্রতি মাসের ২য় মঙ্গলবার নির্ধারণ করা যেতে পারে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন), SID, মহাপরিচালক, বিবিএস, উপসচিব (উন্নয়ন-১/২/৩ অধিশাখা), SID, উপসচিব (পরিকল্পনা অধিশাখা), এবং সকল প্রকল্প পরিচালক |
| ১. | **২০২১-২০২২ অর্থবছরে চলমান প্রকল্পসমূহের ত্রৈমাসিক ব্যয় পরিকল্পনা প্রণয়ন।** | ২০২১-২০২২ অর্থবছরে চলমান প্রকল্পসমূহের মধ্যে ৭টি প্রকল্পের ত্রৈমাসিক ব্যয় পরিকল্পনা পাওয়া গেছে। | ২০২১-২০২২ অর্থবছরে চলমান প্রকল্পসমূহের ত্রৈমাসিক ব্যয় পরিকল্পনা ও বাস্তবায়নের মধ্যে বিস্তর পার্থক্য রয়েছে। আগামী সভায় সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণ এ বিষয়ে ব্যাখা প্রদান করবেন। | মহাপরিচালক, বিবিএস এবং সকল প্রকল্প পরিচালক |

৬। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. শাহনাজ আরেফিন. এনডিসি
সচিব

স্মারক নম্বর: ৫২.০০.০০০০.০২০.০৬.৪৪০.১৮.৭৯

তারিখ: ১৩ পৌষ ১৪২৮
২৮ ডিসেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) উন্নয়ন প্রকল্পসমূহের মাসিক পর্যালোচনা সভায় আমন্ত্রিত কর্মকর্তা (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (কার্যবিবরণীতে উল্লেখিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পরবতী সভার কার্যপত্রে উল্লেখের লক্ষ্যে ২০২১-২০২২ অর্থবছ

২) প্রোগ্রামার, প্রোগ্রামার (আইসিটি), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)

জেসমীন আকতার
উপসচিব